

পুনহরা

শিখর চৌধুরী

হলুদ ফুলগুলো আরো হলদে লাগছে,
হলদে আলোর ঝাপটানিতে,
জ্যোৎস্না রসের পরম প্লাবনে,
নিখিল হয়ে উঠছে পরিমিত ।

স্বপ্ন-গন্ধা-কল্পনার রূপ ভেলায় চড়ে
ধরণীকে গ্রাস করে ফেলেছে পুনহরা;
ভালোবাসা বীনে পূর্ণ হলো এই ধরা
মধুর অমিত ঝংকারে, ঝংকারে ।।